

সলংগায় ব্র্যাক প্রি-প্রাইমারি স্কুলের সুফল পাচ্ছে দরিদ্র শিশুরা

প্রতিনিধি, ত্যাডাশ (সিরাঙ্গাপাড়া)

নিরুন্নয়নের সলংগা থানার দরিদ্র ও ছিন্নমূল শিশুরা বেসরকারি সংস্থা ব্র্যাকের আর্থিক-সহযোগিতায় এবং তত্ত্বাবধানে পরিচালিত প্রাক-প্রাথমিক শিক্ষা কর্মসূচির আওতায় শিক্ষা গ্রহণ ও মেধা বিকাশের সুযোগ পাচ্ছে। সলংগা ব্র্যাক অফিস সূত্র জানায়, সলংগা থানার ৬টি ইউনিয়নে ৬৪টি প্রি-প্রাইমারি স্কুল পরিচালিত হচ্ছে। এসব স্কুল থেকে ১ হাজার ৮৫০ জন ছাত্রছাত্রী আগামী ২০০৯ সালে সরকারি স্কুলে ভর্তি হবে। অথচ এসব দরিদ্র পরিবারের শিশুরা স্কুলগামী না হয়ে বেশির ভাগই সরে পড়তো। ব্র্যাকের স্থানীয় এক কর্মকর্তা জানান, আমরা সাধারণত ফাইন প্রাস শিওদের প্রি-প্রাইমারি স্কুলে ভর্তি করে ১ বছর অক্ষর শেখানোর পর আমরা সরকারি স্কুলে তাদের ভর্তি করিয়ে থাকি। প্রতি বছরই ১ হাজার ৫০০ থেকে ১ হাজার ৬০০ ছাত্রছাত্রী সলংগা ব্র্যাক প্রি-প্রাইমারিতে ভর্তি হয়ে থাকে। পরে ওই শিওদের শিক্ষা নিয়মিত করার জন্য অভিভাবকদের মিটিং করা হয়। মাসিকভাবে মূল্যায়ন পরীক্ষা নেয়া হয়। ২০০৫ সালে থেকে চালু হওয়া এই কর্মসূচির ফলে প্রতি বছরই শত শত হতদরিদ্র শিশু

শিক্ষা গ্রহণের সুযোগ পাচ্ছে। ফলে এ অঞ্চলের মানুষের কাছে ক্রমেই জনপ্রিয় হয়ে উঠছে প্রাক-প্রাথমিক শিক্ষা কর্মসূচি। থানার অলিদহ ও মাহমুদপুর গ্রামে ব্র্যাক প্রি-প্রাইমারি স্কুল ঘুরে দেখা গেছে, নিয়মিত পাঠদানের পাশাপাশি খেলাধুলা ও খিমনোনের ব্যবস্থাও রয়েছে। ফলে ছাত্রছাত্রীরা আগ্রহেরে পড়ালেখা করছে। ২০০৮ সালে মুক্তা নামে একজন শিক্ষার্থী স্থানীয় চকবর ব্র্যাক স্কুল থেকে ৫ম শ্রেণীতে বৃত্তি লাভ করে।